দৈনিক ইত্তেফাক

তারিখ 23 SEP 1993
পৃষ্ঠা ৭ কলাম ৫

## ৯ ছাত্র সংগঠনের অভিন্ন দাবী

ইত্তেফাক রিপোর্ট ।। ৯ ছাত্র সংগঠনভুক্ত কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্রঐক্য, ছাত্রলীগ (ম-ই), গণতান্ত্রিক ছাত্রলীগ, জাতীয় ছাত্র লীগ, ছাত্রলীগ (আ-শ), গণতান্ত্রিক ছাত্র কেন্দ্র গতকাল অভিন্ন বক্তব্যে

(৭ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ৯ ছাত্র সংগঠনের দাবী

(১ম পৃঃ পর)

প্রদত্ত পৃথক পৃথক বিবৃতিতে দেশে জামায়াত-শিবিরের রাজনীতি নিষিদ্ধ করার দাবী জানাইয়াছে। বিবৃতিতে বলা হয়, স্বাধীনতা বিরোধী জামায়াত-শিবির চক্র সারাদেশে খুন-সন্ত্রাসের মাধ্যমে এক বিভীষিকাময় পরিস্থিতি সৃষ্টি করিয়াছে। সুপরিকল্পিতভাবে মুক্তিযুদ্ধের পক্ষের সকল দল সংগঠনকে টার্গেট করিয়া সশস্ত্র আক্রমণ পরিচালনা করিতেছে। বিবৃতিতে বলা হয়, জামায়াত-শিবির মহান মুক্তিযুদ্ধের চেতনা ও গণতান্ত্রিক মূল্যবোধের কবর রচনা করিয়া অন্ধকারের রাজত্ব কায়েম করিতে চায়। আমরা এই অপশক্তির বিরুদ্ধে ঐক্যবদ্ধ জঙ্গী প্রতিরোধ গড়িয়া তোলার জন্য দেশের ছাত্র সমাজ এবং স্বাধীনতাপ্রিয় গণতন্ত্রকামী সকল দল সংগঠনসহ দেশবাসীর প্রতি উদাত্ত আহ্বান জানাই। সাথে সাথে জামায়াত-শিবির সহ সকল সাম্প্রদায়িক রাজনীতি নিষিদ্ধ করার দাবী করিতেছি।

দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অব্যাহত সন্ত্রাসী ঘটনার প্রেক্ষিতে বিভিন্ন গণতান্ত্রিক ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ গত দুইদিনে একাধিকবার যৌথ বৈঠকের পর গতকাল এই অভিন্ন বিবৃতি প্রদানে সম্মত হয়। জানা যায়, ছাত্রদলকে একাধিকবার বৈঠকে আহ্বান জানানো হইলেও সম্মতি জ্ঞাপনের পরও ছাত্রদলের পক্ষ হইতে কেহই বৈঠকে যোগ দেয় নাই। কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্র ঐক্যের নেতা বেলাল চৌধুরী বলেন, আর কিছু না হউক সাম্প্রদায়িক রাজনীতি নিষিদ্ধ ঘোষণার পক্ষে মতামত প্রদানের জন্য আমরা ছাত্রদলের নেতৃবৃন্দকে ডাকিয়া ছিলাম। ছাত্রদলের সাধারণ সম্পাদক কথা দিয়াও বৈঠকে আসেন নাই।

এদিকে ছাত্রনেতা রিমুর হত্যাকাণ্ডের প্রতিবাদে গণতান্ত্রিক ছাত্রঐক্য গতকাল ক্যাম্পাস হইতে শোক মিছিল বাহির করে। মিছিল শেষে জাতীয় প্রেসক্লাবের সম্মুখে এক ছাত্র সমাবেশে সরদার রুহিন হোসেন প্রিন্স ও মিজানুর রহমান চন্দন বক্তৃতা করেন। সমাবেশে আজ (বৃহস্পতিবার) সারাদেশে জামায়াত-শিবির প্রতিরোধ দিবস পালনের কর্মসূচী ঘোষণা করা হয়। একই দাবীতে ছাত্রলীগ (ম-ই) ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ডাকসু ভবনের সম্মুখে ছাত্র সমাবেশের আয়োজন করে। কে এইচ লিজু ও আখতার হোসেন সমাবেশে বক্তৃতা করেন।

দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাসী ঘটনার প্রতিবাদে ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা সম্মেলন প্রস্তুতি কমিটির উদ্যোগে গতকাল ক্যাম্পাসে ছাত্র সমাবেশের আয়োজন করা হয়। আবুল খায়ের ভুঁইয়া ও শহীদউদ্দিন চৌধুরী এ্যানী সমাবেশে বক্তৃতাকালে দেশে জামায়াত-শিবিরের রাজনীতি নিষিদ্ধ ঘোষণার দাবী করেন। সমাবেশের পূর্বে বিক্ষোভ মিছিল বাহির করা হয়।

ছাত্রলীগ (মি-ল) ক্যাম্পাসে মিছিল শেষে ছাত্র সমাবেশের আয়োজন করে। ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক আবু তাহের সমাবেশে বক্তৃতা করেন।